# উপজেলা পরিষদ কার্যালয়
# দুপচাঁচিয়া, বগুড়া।
## মার্চ/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি ঃ মোঃ ফজলুল হক প্রামানিক
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ ।
তারিখ ঃ ২৯/০৩/২০২২খ্রিঃ।
সময় ঃ বেলা ১০.০০ টা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ঠ ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় Covid-19 প্রতিরোধে এ প্রয়োজনী বিভিন্ন ধরনের পদক্ষেপ/উদ্দ্যোগ এর কথা উপস্থাপন করেন। এ বিষয়ে সকলের মতামত ও পরামর্শের কামনা করেন। অতঃপর গত ফেব্রুয়ারি/২২ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত ফেব্রুয়ারি/২২ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব আছে কি-না তা জানানোর জন্য অনুরোধ করেন । গত ফেব্রুয়ারি/২২ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হয়। অতঃপর আলোচ্য সূচি মোতাবেক আলোচ্য মাসের বিষয় ভিত্তিক অনুযায়ী বিভিন্ন দপ্তরের মাসের বিভাগওয়ারী আলোচনা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালে ঔষধ ও স্যালাইন মজুদ সন্তোষজনক। মহামারি বা অন্য কোন জটিল অজ্ঞাত রোগ দেখা যায় নি। ফেব্রুয়ারি/২২ মাসের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যে স্বাস্থ্য সেবা দেয়া হয়, তাঁর তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো ঃ- আন্তঃ বিভাগ ৬৫০ জন, জরুরী ১২৩৫ জন, বহিঃ বিভাগ ৯৪২১ জন, কমিউনিটি ক্লিনিকে ১৯৩৮২ জন রোগীকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে। এ ছাড়াও জরুরী বিভাগে বিষপানজনিত রোগীর সেবা দেয়া হয়েছে ০৮ জন। আন্তবিভাগে বেড অকুপেনসী ৯৩%। ইপিআই লক্ষ্যমাত্রা ১০০% কভারেজ। হাসপাতাল কমিউনিটি ক্লিনিক ও স্কুলে স্বাস্থ্য শিক্ষা প্রদান ১৩,৭৩৬ জন। আন্ত বিভাগে মৃত্যু কোন মৃত্যু নাই মাঠ পর্যায়ে শিশু মৃত্যু ০১ জন। ল্যাবরেটরীতে ২৭৭ জন সন্দেহজনক যক্ষা রোগীর কফ পরীক্ষা করা হয় ১৬ জন যক্ষা রোগী সনাক্ত করা হয়। সনাক্তকৃত যক্ষা রোগীদের বিনামূল্যে ঔষধসহ চিকিৎসা সেবা প্রদান করা হয়।<br>দুপচাঁচিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অপারেশন থিয়েটারে গত ১৬/০১/২০১৮ তারিখ চালুর উদ্বোধন করা হয় ফেব্রুয়ারি/২২ মাসে সিজারিয়ান নাই অদ্যাবধি পর্যন্ত ১৯৫ টি সিজাররিয়ান এবং ৭৬১ টি অন্যান্য মেজর অপারেশন কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।<br>সম্প্রতি সময়ে মহামারী রোগ (Covid-19) রোগের ভ্যাকসিন গ্রহণের জন্য সকলকে উদ্বুদ্ধকরণ এর কাজ চলমান।<br>মোট ইউজার ফি আদায় হয়েছে =১,৯৫,০৪৮/- টাকা। | সভায় বিস্তারিত আলোচনান্তে করোনা রোগীর ভ্যাকসিন গ্রহণের জন্য সকলকে উদ্বুদ্ধকরণ সহ ব্যপক প্রচারের অনুরোধ করা হলো। চিকিৎসা সৈবার ক্ষেত্রে কেউ যেন হয়রানীর শিকার না হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করা হলো। কমিউনিটি ক্লিনিকগুলোতে পরিদর্শন কার্যক্রম বাড়ানোর পদক্ষেপ নিতে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার এবং চেয়ারম্যান সকল ইউপি |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা প্রকৌশলী | আলোচনা-১<br>তিনি জানান যে, অত্র উপজেলায় সহকারী প্রোগামার ০১টি ডেক্সটব কম্পিউটার ও ০১টি প্রিন্টার ক্রয় করার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ বরাবর আবেদন করেছেন। উপজেলা চেয়ারম্যান মহোদয় কম্পিউটারটি ক্রয়ের জন্য অত্র সভায় উপস্থাপন করতে বলেছেন। জনস্বার্থে উপিজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহারের নির্দেশিকা ২০২০ এর ৩ (চ) নং অনুচ্ছেদ TO & E তে একটি কম্পিউটার ও একটি প্রিন্টার অন্তর্ভূক্তির জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ক্রয় করার প্রস্তাব করেন। | সিদ্ধান্ত-১<br>সভায় বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে উপিজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে আরএফকিউ এর মাধ্যমে ক্রয় করার প্রস্তাব সর্বসম্মতিক্রম অনুমোদিত ও গৃহিত হলো। | সভাপতি উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী অফিসার অফিসার (ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার | ক) তিনি জানান যে, চলতি রবি মৌসুমে আলু ৫০০০ হেক্টর, সরিষা ৪০০০ হেক্টও উত্তোলন করা হয়েছে। গড় ফলন বিঘা প্রতি উফসি ৮৫-৯০ মণ, স্থানীয় ৬০-৬৫ মণ। সরিষা ৩৩০০ হেক্টর জমির মধ্যে ২৫০০ হেক্টও কর্তন করা হয়েছে। বিঘা প্রতি ফলন ৫ মন (শুকনা)। শাকসবজি ২৫০ হেক্টও জমির মধ্যে ২০০ হেক্টও কর্তন করা হয়েছে। বিঘাপ্রতি ফলন ৭৫-৮০ মন। চলতি বোরো মৌসুমে বোরো আবাদের লক্ষ মাত্রা ১২১৪০ হেক্টর। ইতোমধ্যে ৮০০০ জমিতে বোরো ধান রোপন করা হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে রবি মৌসুমে বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়ন চলমান রয়েছে।<br>সারের মজুদইউরিয়া-৫৪০মেঃ টন, টিএসপি ৮০ মেঃ টন, এমওপি -১০০ মেঃ টন, ডিএপি -৬৪০মেঃ টন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলতি বোরো মৌসুমে বোরো ধানে আধুনিক প্রযুক্তি ব্যবহারসহ রোগ ও পোকামাকড় দমন বিষয়ে কৃষকদেও প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৪ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার | তিনি জানান যে, গত মাসে উপজেলা প্রাণী সম্পদ ও ভেটেরিনারী হাসপাতালে১৯৮৭ টি গবাদি প্রাণী ও ১৪০০৮ টি হাঁস মুরগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে ৬০৯০টি গবাদি প্রাণী ও ৫২২০০ টি হাঁস মুরগীকে টিকা প্রদান করা হয়। কৃত্রিম প্রজনন ও ভ্যাকসিন ফি ও খামার রেজিষ্টেশন বাবদ ৫২২৪২০/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়ছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে খামারিদের পরামর্শ প্রদান অব্যহত রাখার অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা শিক্ষা অফিসার | তিনি জানান যে, সংক্ষিপ্ত আকারে পাঠদান কার্যক্রম চলমান।<br>বিদ্যালয়ের উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) এর কাজ চলমান রয়েছে।<br>এছাড়াও রুটিন মেইন্টেনেন্স এর কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সকল কার্যক্রম উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা শিক্ষা অফিসার |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা মৎস্য অফিসার | তিনি জানান যে, ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের অধীনে ০২টি সিবিজির কার্যক্রম ও ০৬টি প্রদশনী কার্যক্রম দেখভাল করা হচ্ছে।<br>এনএটিপি-২প্রকল্পের অধীন ১২ টি সিআইজির কার্যক্রম দেখভাল করা হচ্ছে।<br>রাজশাহী বিভাগে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের অধীনে স্থাপিত ০৩টি প্রদর্শনী পুকুরের কার্যক্রম দেখভাল করা হচ্ছে। উপজেলার ১০জন চাষির পুকুরে বিভিন্ন সমস্যা মোবাইল এ্যাপস এর মাধ্যমে পরামর্শ প্রদান করা হয়।<br>০১ লা নভেম্বর/২১ হতে ৩০ জুন/২২ পর্যন্ত জাটকা ধরা, পরিবহন, বিক্রি, বন্ধে অভিযাপন পরিচালনা হচ্ছে। এ সময় অত্র উপজেলার হাট বাজার, আড়ৎ বিভিন্ন স্থানে পরিবদর্শন করা হচ্ছে। ইনোভেশন কার্যক্রমের অংশ হিসেবে উপজেলার উন্নয়ন তহবিল এর অর্থে অত্র উপজেলার ০২টি পৌরসভার এবং ০৬টি ইউনিয়নের মোট মৎস্য চাহিদার তালিকা তৈরী এবং তা ডাটাবেইজ করে সংরক্ষন ও প্রশিক্ষন প্রদান | ব্যাক্তিমালিকানাধীন পুকুর এবং মৎস্য চাষিদের পুকুর পরিদর্শন কার্যক্রম বাড়ানো এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৭ | উপজেলা মৎস্য অফিসার | তিনি জানান যে, ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের অধীনে ০২টি সিবিজির কার্যক্রম ও ০৬টি প্রদশনী কার্যক্রম দেখভাল করা হচ্ছে।<br>এনএটিপি-২প্রকল্পের অধীন ১২ টি সিআইজির কার্যক্রম দেখভাল করা হচ্ছে।<br>রাজশাহী বিভাগে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের অধীনে স্থাপিত ০৩টি প্রদর্শনী পুকুরের কার্যক্রম দেখভাল করা হচ্ছে। উপজেলার ১০জন চাষির পুকুরে বিভিন্ন সমস্যা মোবাইল এ্যাপস এর মাধ্যমে পরামর্শ প্রদান করা হয়।<br>০১ লা নভেম্বর/২১ হতে ৩০ জুন/২২ পর্যন্ত জাটকা ধরা, পরিবহন, বিক্রি, বন্ধে অভিযাপন পরিচালনা হচ্ছে। এ সময় অত্র উপজেলার হাট বাজার, আড়ৎ বিভিন্ন স্থানে পরিবদর্শন করা হচ্ছে। ইনোভেশন কার্যক্রমের অংশ হিসেবে উপজেলার উন্নয়ন তহবিল এর অর্থে অত্র উপজেলার ০২টি পৌরসভার এবং ০৬টি ইউনিয়নের মোট মৎস্য চাহিদার তালিকা তৈরী এবং তা ডাটাবেইজ করে সংরক্ষন ও প্রশিক্ষন প্রদান। | ব্যাক্তিমালিকানাধীন পুকুর এবং মৎস্য চাষিদের পুকুর পরিদর্শন কার্যক্রম বাড়ানো এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ফেব্রুয়ারি/২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৪১৩৫ জন, মোট গ্রহণকারী ৩৬৩৩৯, গ্রহণকারীর হার সিএআর ৮১.৯৬%<br>মোট গর্ভবতী ৯০৭ জন, গর্ভকালীন পরিচর্যা (এএনসি) ৩৭৬ জন, ডেলিভেরী ১৭ জন, প্রসবোত্তর পরিচর্যা (পিএনসি)১৬৮, সেবাপ্রাপ্ত শিশু ১০৯৫ জন, সাধারণ রোগী ২১১৩ জন, মোট জীবিত জন্ম ১৩৯ জন, মোট মৃত্যু ৬৫ জন, শিশু মৃত্যু ০১, মাতৃমৃত্যু ০০।<br>আবাসন প্রকল্পের প্রতিবেদনঃ মাসের গোবিন্দপুর ইউনিয়নেরমোরগ্রাম আবাসন প্রকল্পের প্রতিবেদনঃ ব্যারাক সংখ্যা-০৭, হাউজের সংখ্যাঃ ৭০, জনসংখ্যাঃ ২৫১, দম্পতি সংখ্যা ৬০ জন। মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৯ জন, সিএআর ৮১.৬৭%। | দুপচাঁচিয়া মা ও শিশু কল্যাণ কেন্দ্রে বিনা<br>মূল্যে ২৪ ঘন্টা নিরাপদ প্রসব সেবা প্রদান করা হচ্ছে এ বিষয়ে ব্যপক প্রচার ও প্রচারণা ও সেবা গ্রহীতাদের উদ্বুদ্ধকরণে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করতে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ও চেয়ারম্যান (সকল) |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা সমাজ সেবা অফিসার | সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং শিক্ষা উপবৃত্তির টাকা জিটুপি পদ্ধতিতে পরিশোধ চালু হয়েছে। জিটুপি পদ্ধতিতে ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় কিস্তির পে-রোল মার্চ/২২ মাসে প্রদান করা হবে। বাংলাদেশ ব্যাংক থেকে ইএফটি প্রক্রিয়ায় ভাতাভোগীরা টাকা পেতে শুরু করেছে।<br>সামাজিক নিরাপত্তার কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবনধী ভাতার প্রতিস্থাপনের জন্য তালিকা পাওয়া গেছে। ২০২১-২০২২ অর্থ বছরের হিজরা এবং অনগ্রসর জনগোষ্টির ভাতা জিটুপি পদ্ধতিতে প্রদান করা হবে। জিটুপি পদ্ধতিতে ভাতা প্রদানের জন্য এমআইএস এন্ট্রি সম্পন্ন করা হয়েছে এবং ১ম ও ২য় কিস্তির পে রোল প্রদান করা হয়েছে।<br>প্রতিবন্ধী সনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে। গত ১৭ নভেম্বর তারিখে ৬০০ জন জরিপে অংশগ্রহণ করে তার মধ্যে ৩৪০ জন ব্যক্তিকে প্রতিবন্ধী সুবর্ণ নাগরিক কার্ড প্রদান করা হয়েছে।<br>ক্যান্সার কিডনীসহ নির্ধারিত মোট ০৬টি রোগের জন্য দুপচাঁচিয়াতে আবেদন জমা গ্রহণ কার্যক্রম চলমান আছে।<br>প্রান্তিক ১. কামার ২. কুমার ৩. নাপিত ৪. বাশ ও বেতপন্য প্রস্তুতকারক ৫. কাসা/পিতল পন্য প্রস্তুতকারক ৬. জতা প্রস্তুত/মেরামতকারী ৭. লোকজযন্ত্র ৮. লোকজশিল্পী ৯. শীতল পার্টি ১০. শতরঞ্জি ১৬ জন দুঃস্থ রোগী অনুদানের চেক বিতরণ করা হয় এবং জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা হতে ১৮টি স্বেচ্ছাসেবী সংস্থার মাঝে এককালীন অনুদানের চেক পাওয়া যায় যা বিতরণ করা হয়েছে। নতুন করে ২০২১-২০২২ অর্থ বছরের আবেদন গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। | জিটুপি পদ্ধতিতে ভাতা দেয়ার ক্ষেত্রে কতিপয় প্রতারক চক্র বা নিকট আত্নীয় ভাতাভোগীর টাকা উত্তোলন করে নিচ্ছেন এ বিষয়ে ভাতা ভোগীদের সচেতন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>দ্রুত নগদ হিসবা খুলে পে রোল প্রদান করতে হবে<br>প্রতিবন্ধী জরিপ ফরম পূরণ পূর্বক ডাটা এন্ট্রির কাজ শেষ করে প্রতিবন্ধী ব্যক্তিদের সুবর্ণ নাগরিক কার্ড বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>নতুন আবেদনসমূহ জেলা সমাজ সেবা কার্যালয়, বগুড়ায় প্রেরণ করা হবে।<br>এসব জনগোস্টির জরিপ কার্যক্রম ঘোষনা করা হয়েছে তবে এখনও কেউ আসলে জরিপ কার্যক্রমের আওতায় আনা আনা হবে। | উপজেলা সমাজ সেবা অফিসার উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার মেয়রদ্বয় চেয়ারম্যান (সকল) |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | তিনি জানান যে, অত্র উপজেলার ০৬টি ইউনিয়নে ১৯৪০ জন ভিজিডি উপকারভোগীর জানুয়ারি/২১ মাসের চাল ৩০ কেজি করে বিতরণ করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুকুলে বরাদ্দ আদেশ প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছর হতে দুপচাঁচিয়া ও তালোড়া পৌরসভার ১০৩ জন কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা ভাতা ভোগীর বরাদ্দ উপজেলা কমিটি কর্তৃক চুড়ান্ত নির্বাচন করা হয়েছে। আইজিএ প্রশিক্ষন প্রকল্পের ০২টি ট্রেডে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষনার্থীদের ১৩ম ব্যাচের অথ্যাৎ জানুয়ারি/২২ হতে মার্চ/২২ পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া অন্যান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে তাঁর অফিসে সকল প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে ইউপি চেয়ারম্যানদের অবহিত করতে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | ক) চলমান কার্যক্রমঃ অত্র উপজেলায় চলতি আমন ধান/চাল সংগ্রহ/২১-২২ খ্রিঃ তারিখ হতে শুরু হয়ে ২৮/০২/২০২২ তারিখ পর্যন্ত চলবে।<br>ধানের সংগ্রহ মূল্য প্রতি কেজি ২৭/- টাকা এবং চাল প্রতি কেজি ৪০/- টাকা ধানের লক্ষ্য মাত্রা ৬২৮ মেঃ টন এবং ৩৪৮ জন চালকল মালিক ৭৮৩৯.৩২০ মেঃ টন চাল সরবরাহের জন্য চুক্তি করেছেন। এ পর্যন্ত ধান ১.০০০ মেঃ টন এবং চাল ৬১৯০.৪৬০ মেঃ টান সংগ্রহ হয়েছে। সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে।<br>ও এমএস কার্যক্রমঃ<br>খাদ্য মন্ত্রণায়য়ের ১৮/০১/২২তারিখের সিদ্ধান্ত মোতাবেক আগামী ২০/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে ওএমএস এর বিশেষ কার্যক্রম পুনরায় চালু হবে। দুপচাঁচিয়া পৌরসভায় ০৪টি কেন্দ্রে ও তালোড়া পৌরসভায় ০৩টি কেন্দ্রে প্রতি কেন্দ্রে দৈনিক ১.০০ মেঃ টন এবং ১.০০ মেঃ টন আটা বিক্রয় হবে। চালের প্রতি কেজি ৩০/- টাকা আটা প্রতি কেজি ১৮/- টাকা।<br>অত্র উপজেলায় দুপচাঁচিয়া ও তালোড়া এলএসডিতে ১১৯৬৯ মেঃ টন চাল এবং ৬০ মেঃ টন গমের নিরাপদ মজুদ রয়েছে।<br>বাজার দর (নিচের সারণি দেখুন) | বাজারে চাল, ডাল, আটাসহ সব ধরণের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম যৌক্তিক পর্যায়ে রাখতে এবং চাহিদা ও সরবরাহের প্রতি নজর রাখতে অনুরোধ করা হলো।<br>তার কার্যালয়ের সার্বিক কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

বাজার দর

| পন্য | পাইকারী প্রতি কেজি | খুচরা প্রতি কেজি |
|---|---|---|
| ধান (মোটা) | ২৫/৫০-২৬/- | --- |
| ধান (মাঝারি) | ২৭/- -২৭.৫০/- | |
| ধান (চিকন) | ৩৮/- ৩৮.৫০/- | |
| চাল (মোটা) | ৩৮/৫০-৩৯/- | ৪০-৪১/- |
| চাল (মাঝারী) | --- | ৪২-৪৪/- |
| চাল (চিকন) | -- | ৫৮-৬০/- |
| গম | --- | ৩১.৫০-৩২/- |
| আটা (খোলা) | --- | ৩৪-৩৫/- |
| আটা (প্যাকেট) | -- | ৩৬-৩৭/- |
| চিনি | --- | ৭২-৭৪/- |
| লবণ (খোলা) | --- | ২৬-৩০/- |
| সয়াবিন তেল (খোলা) | --- | ১৫২/- -১৫৪/- |
| সরিষা তেল (খোলা) | --- | ১৮০/- -১৮৫/- |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১২</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার</td><td>
<table>
<tr><th>কাজের বিবরণ</th><th>পর্যায়</th><th>প্রকল্প সংখ্যা</th><th>বরাদ্দকৃত টাকা/খাদ্যশস্য পরিমান</th><th>ব্যয়িত টাকা/খাদ্য শস্যের পরিমান</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর) উপজেলা ওয়ারী নগদ অর্থ</td><td>১ম</td><td>১১</td><td>১০,১৮,০৩৬/-</td><td>১০,১৮,০৩৬/-</td><td>প্রকল্পের কাজ চলমান</td></tr>
<tr><td>গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর) উপজেলা ওয়ারী নগদ অর্থ</td><td>২য়</td><td>-</td><td>২০,৩৬,০৭৩/-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td rowspan="3">গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (কাবিটা) উপজেলা ওয়ারী চাল</td><td>১ম</td><td>১০</td><td>১৯,২৫,৬৭১/-</td><td>১৯,২৫,৬৭১/-</td><td>কাজ সমাপ্ত</td></tr>
<tr><td rowspan="2"></td><td>০৮</td><td>৪০.৭৪৬৬ মেঃ টন গম</td><td>৪০.৭৪৬৬ মেঃ টন গম</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>৪০.৭৪৬৬ মেঃ টন গম</td><td>৪০.৭৪৬৬ মেঃ টন গম</td><td></td></tr>
<tr><td>দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মান</td><td>০৩</td><td>৩৬টি ঘর</td><td>৯৩,৩২,০০০/-</td><td>৫৫,০০০,০০০/-</td><td>কাজ চলমান</td></tr>
<tr><td>অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) প্রকল্প</td><td>১ম</td><td>১৮টি</td><td>৪০০/- টাকা হারে ৫৩৬ জন শ্রমিক</td><td>-</td><td>কাজ চলমান</td></tr>
</table>
</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে বরাদ্দ অনুযায়ী যথাসময়ে প্রকল্পের কাজ আরম্ভ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা সমবায় অফিসার</td><td>তিনি জানান যে, অত্র উপজেলায় ২৮১ টি কার্ক ও প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। সমিতির ২০২০-২০২১ সনের অডিট কার্যক্রম চলমান রয়েছে। এ মাসে ১৯৯ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন হয়েছে। ২০২১-২০২২ সনের অডিট ফি বাবদ ১০,০০০/- টাকা, ১৫% ভ্যাট বাবদ ১৫০০/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৬৪০০/- টাকা সরকারী কোষাগারে জমা করা হয়েছে।<br>সমবায় বিভাগাধীন আশ্রায়ন প্রকল্প রয়েছে। যাতে ক্রমপুঞ্জিত দাদন ১৬,৮৪,০০০/- টাকা , ক্রমপুঞ্জিত আদায় ১৩,৫৯,৪৯৯ টাকা এবং ৩,২৪,৫০১ টাকা ঋন পাওনা রয়েছে। আদায় চলমান।<br>মোড়গ্রাম আশ্রায়ন প্রকল্পে খেলাপী ঋন আদায়ে প্রশাসনের সহযোগিতা কামনা করেন।</td><td>যথাসময়ে ১০০% অডিট সম্পাদন করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।<br>পাওনা ঋন আদায়ে তৎপর হওয়া প্রয়োজন।<br>মোড়গ্রাম আশ্রায়ন প্রকল্পে খেলাপী ঋন আদায়ে প্রশাসনের সহযোগিতা কামনা করা হলো।</td><td>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমবায় অফিসার</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td><td>তিনি জানান যে, অত্র উপজেলা বেকার প্রশিক্ষানান্তে বেকার যুব ও যুব মহিলাদের মাঝে ২০২১-২০২২অর্থ বছরে ৪৯,৫০,০০০/- লক্ষ টাকা যুব ঋন বিতরনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। অর্থ বছরের বিতরণ ২৬,১০,০০০/- টাকা। শুরু থেকে এ পর্যন্ত ৩,৯৯,৭৭,২০০/- টাকা বিতরণ করা হয়েছে। মাঠে প্রাপ্য ৬৬,৪২,২৭৫/- টাকা, ফেব্রুয়ারি/২২ মাসে আদায় যোগ্য ২,৪৬,৩৫৭/-টাকা, আদায়কৃত ২,৩০,৯৩৮/- কিস্তি খেলাপী হয়েছে ১৫৪১৯/- টাকা, কিস্তি খেলাপী আদায় হয়েছে ১৫৪৬২/- টাকা মেয়াদ উত্তীর্ণ খেলাপীর পরিমান ৯,৬৯,৭৯৫/-, মেয়াদ উর্ত্তীণ খেলাপী ঋন আদায় হয়েছে ৪৯,৬১৪/- টাকা, চলমান আদায়ের হার ৯৩.৭৪%, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৬.৮৩%।</td><td>যুব ঋন বিতরণের চেয়ারম্যানদের পরামর্শ গ্রহণ করতে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>১৫</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য</td><td>তিনি জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১৫৬টি নলকুপের পাইপ রিপোর্ট পাওয়া গেছে খুব শির্ঘই শুরু করবে ঠিকাদার।<br>ফেব্রুয়ারি/২১ মাসে দুপচাঁচিয়া উপজেলায় ৬টি ইউনিয়নে ফিল্ড কিট দ্বারা ১৭টি নলকূপের বিনামূল্যে আর্সেনিক পরীক্ষা করা হয়েছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে দ্বিতীয় পর্যায়ের ভূমিহীনদের নির্মিত ঘরে নলকুপ স্থাপনের কাজ শীঘ্রই শুরু করার তাগিত দিতে অনুরোধ করা হলো।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>দ্বিতীয় পর্যায়ের ভূমিহীনদের নির্মিত ঘরে নলকূপ স্থাপনের কাজ ৮০% সম্পূর্ণ হয়েছে।<br><br>ইউনিসেফ এর সহায়তায় অত্র উপজেলায় নলকুপ বিনামূল্যে মেরামতের কাজ চলমান রয়েছে।<br><br>পিডিপি-৪ প্রকল্পের আওতায় ১২টি বিদ্যালয়ে ওয়াশব্লক এর কাজ ৫০% সম্পূর্ণ হয়েছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাঁর বিভাগের কার্যক্রম প্রসংগে জানান তার বিভাগের মুখ্য কাজ ঋণ দেয়া ও ঋন আদায় করা এ প্রসংগে তিনি যে ডিসেম্বর/২১ মাসের যে তথ্য দেন। নিম্নে তা উল্লেখ করা হলো।<br>
<table>
<tr><th>কর্জের প্রকার</th><th>কর্জদাদন</th><th>কর্জ আদায়</th><th>আদায়ের হার</th><th colspan="3">বাকী</th></tr>
<tr><th></th><th></th><th></th><th></th><th>চলতি</th><th>খেলাপী</th><th>মোট</th></tr>
<tr><td>ক্ষুদ্র মেয়াদী ফসলী</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>১.৭৭</td><td>১.৭৭</td></tr>
<tr><td>নিজস্ব তহবিল</td><td>১২.৪০</td><td>০.৪৬</td><td>৭%</td><td>১২.৪০</td><td>০</td><td>১২.৪০</td></tr>
<tr><td>মেয়াদী সেচ যন্ত্র</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>১.৬৪</td><td>১.৬৪</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৪৩.৫৫</td><td>৩৯.৫৫</td><td>৯৮%</td><td>৭০.৬২</td><td>০</td><td>৭০.০৮</td></tr>
<tr><td>সমন্বিক</td><td>৭৫.৯৮</td><td>৬০.৬৩</td><td>৮৪%</td><td>৯৪.১৯</td><td>৭.৮৬</td><td>১১৯.০২</td></tr>
<tr><td>পল্লী প্রগতি</td><td>২২.৮৯</td><td>৪.১৯</td><td>০</td><td>৩২.০০</td><td>১.৫৭</td><td>২৮.৮৯</td></tr>
<tr><td>আদর্শ গ্রাম</td><td>১.৬৫</td><td>০</td><td>০</td><td>১.৬৫</td><td>০</td><td>১.৬৫</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২.২৩</td><td>০.৩১</td><td>৬২%</td><td>৬.৬৩</td><td>০.৬৯</td><td>৭.২৩</td></tr>
<tr><td>অপ্রধান শস্য</td><td>৩৫.৭৭</td><td>১২.৭৪</td><td>৪৫%</td><td>২৭.৯০</td><td>০</td><td>৩৮.৬৩</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>০</td><td>৫৫%</td><td>৩.৬৫</td><td>০</td><td>৩.৬৫</td></tr>
<tr><td>মোট</td><td>১৯৭২২</td><td>১১৭.৮৮</td><td></td><td>২৪৯.০৪</td><td>৩০.৮৮</td><td>২৯১.৩৫</td></tr>
</table>
<br>সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আরও জানান যে, বিআরডিবি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে বিআরডিবি'র সকল কর্মসূচির মোট মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমান ৩০.৮৮ লক্ষ টাকা। তিনি মেয়াদোত্তীর্ণ ঋনের টাকা আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>পল্লী উন্নয়ন বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার করতে তাগিদ দেয়া হলো।<br>মেয়াদোত্তীর্ণ ঋণের টাকা আদায়ে উপজেলা নির্বাহী অফিসারের সহযোহিতা কামনা করা হলো।<br>আপনার দপ্তরের সমস্যাগুলো আগামী সভায় বিস্তারিত আলোচনা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হলো।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>১৭</td><td>ভারপ্রাপ্ত বন কর্মকর্তা</td><td>তিনি জানান যে, অত্র সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষন কেন্দ্র দুপচাঁচিয়া বগুড়া এর সরকারী কাজ স্বাভাবিকভাবে চলছে। ২০২০-২১ অর্থ বছরে বিক্রয় বিতরণের জন্য ২০,০০০ (কুড়ি) হাজার চারা উত্তোলনের কাজ চলছে। তাছাড়াও মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের ২৫০০টি চারা বিনামূল্যে বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে।এমপি মহোদয়ের প্রতিনিধির মাধ্যমে তালিকা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।</td><td>যে কোন চারা বিতরণের ক্ষেত্রে জনপ্রতিনিধিদের পরামর্শ গ্রহণ করতে অনুরোধ করা হলো।</td><td>ভারপ্রাপ্ত বন কর্মকর্তা</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৮ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি | তিনি জানান যে, পবিস-১ এর আওতায় দুপচাঁচিয়া জোনাল অফিস এর সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>অত্র সংস্থার সঠিক কর্মকান্ড গ্রাহক প্রান্তে পৌঁছে দেয়া এবং গ্রাহকের সমস্যা শুনা ও তাৎক্ষনিক সমাধানের জন্য অন লাইনের মাধ্যমে গনশুনানীর আয়োজন অব্যাহত রয়েছে।<br>সেচ মৌসুমে কৃষি বিভাগ কর্তৃক ড্রাই এন্ড ওয়েট পদ্ধতিতে ধান উৎপানদনের প্রক্রিয়ার উপর কৃষকগণকে ব্যপক প্রশিক্ষণ প্রদান করা হলে বিদ্যুৎ ব্যবহার হ্রাস পাবে অথচ উৎপাদনশীলতার উপর কোন প্রভাব পড়বে না। এ বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা দৃষ্টি আকর্ষণ করা হলো। | সাধারণ জনগণ যেন হয়রানীর শিকার না হয় এ বিষয়ে সজাগ দৃস্টি রাখতে অনুরোধ করা হলো। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৯ | নির্বাহী প্রকৌশলী পিডিবি | | | |
| ২০ | উপজেলা আনছার ভিডিপি কর্মকর্তা | | | |
| ২১ | ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক | তিনি জানান তার অফিসের নিম্নরুপ কার্যক্রম বর্ণনা করেনঃ<br>সমিতির সংখ্যাঃ ১৪২ টি, সদস্য অন্তর্ভূক্তিঃ ৮৩২০ জন, অনলাইনে এন্ট্রি হয়েছেঃ ৮৩২০ জন<br>মোট ক্রমপুঞ্জিত সঞ্চয় ঃ ৪৩০.৩২ টাকা।<br>মোট ক্রমপুঞ্জিত ঋন বিতরণঃ ২৯০৬.৫০ লক্ষ টাকা, মোট ক্রমপুঞ্জিত ঋন আদায় ঃ ২০৮৮.৭৮ লক্ষ টাকা, মোট ক্রমপুঞ্জিত প্রকল্প সংখ্যাঃ ৯৭২৫ জন<br>সম্পদ বিতরণঃ টাকার পরিমান<br>১. গরু বিতরণ ঃ ১০০টি -১০০ জন ২০.০০<br>২. ঢেউটিন বিতরণ ১০০ বান্ডিল -৪৪জন ৪.৪০<br>৩. হাঁস-মুরগী বিতরণ -৩০ জন ১.৫০<br>৪. চারাগাছ বিতরন -৯০ জন .৯০<br>৫. সবজি বীজ বিতরণ ১২০ জন ১.২০<br>মোট=৩৫৪ জন ২৮.০০ লক্ষ টাকা<br>সম্পদ আদায় ঃ ৭.৫৬, সমিতির শেয়ার আদায় ঃ ১.০৪<br>উপজেলার মোট তহবিল ১৫১৭.৯৬ লক্ষ টাকা। | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংককে ঋন বিতরণ ও ঋন আদায় কার্যক্রম সুষ্ঠভাবে করতে অনুরোধ করা হলো। | ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২২ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | | -- | |
| ২৩ | চেয়ারম্যান জিয়ানগর ইউ পি | তিনি সর্বপ্রথমে জিয়ানগর ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে অবাধ, সুষ্ঠ নিরপেক্ষ নির্বাচন উপহার দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। জিয়ানগর ইউপির কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। জিয়ানগর বাজার সংস্কারের জন্য অনুরোধ জানান। জিয়ানগর ইউনিয়নের ৩৩টি রাস্তা পাকাকরণের বিষয়ে মাননীয় এমপি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।<br>করোনা ভাইরাস মোকাবেলায় অত্র ইউনিয়ন পরিষদ থেকে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, হেক্সাসল বিনামূল্যে দেয়া অব্যাহত রয়েছে। | সভায় বিস্তারিত আলেচনান্তে উল্লেখিত রাস্তা করার বিষয়ে মাননীয় এমপি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো। | চেয়ারম্যান জিয়ানগর ইউ পি |
| ২৪ | চেয়ারম্যান সদর ইউ পি | | -- | |
| ২৫ | চেয়ারম্যান চামরুল ইউপি | তিনি চামরুল ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে অবাধ, সুষ্ঠ নিরপেক্ষ নির্বাচন উপহার দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। চামরুল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মানে দ্রুত অনুমোদনের বিষয়ে উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলেচনান্তে চামরুল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মানে দ্রুত অনুমোদনের বিষয়ে উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান দুপচাঁচিয়া চামরুল ইউপি |
| ২৬ | চেয়ারম্যান গুনাহার ইউপি | তিনি গুনাহার ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে অবাধ, সুষ্ঠ নিরপেক্ষ নির্বাচন উপহার দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।<br>জন্ম নিবন্ধন সংশোধনের বিষয়ে জনগণের ভোগান্তি এড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ দ্রুত নিতে অনুরোধ জানান।<br>তিনি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন দ্রুত মেরামত করার দাবি জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে জন্ম নিবন্ধন সংশোধনের বিষয়ে জনগণের ভোগান্তি এড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ দ্রুত নিতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | সভাপতি চেয়ারম্যান গুনাহার ইউপি |
| ২৭ | চেয়ারম্যান গোবিন্দপুর ইউপি ইউপি | তিনি চামরুল ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে অবাধ, সুষ্ঠ নিরপেক্ষ নির্বাচন উপহার দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।<br>ধারগুন, ফুটানীগঞ্জ রাস্তা, পাল্লাপাড়া হতে বলদাহার রাস্তার বিষয়ে মাননীয় এমপি মহোদয়ের প্রতিনিধির সদয় দৃষ্টি আকর্ষণ করেন।<br>Covid-19 মোকাবেলায় জনগণকে মাস্ক ব্যবহারের পরামর্শ দেয়া অব্যাহত রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে Covid-19 মোকাবেলায় জনগণকে মাস্ক ব্যবহারের পরামর্শ দেয়া অব্যাহত রাখতে অনুরোধ করা হলে। | চেয়ারম্যান গোবিন্দপুর ইউপি ও উপজেলা প্রকৌশলী |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৮ | চেয়ারম্যান তালোড়া ইউপি | তিনি জানান যে, Covid-19 মোকাবেলায় জনগণকে মাস্ক ব্যবহারের পরামর্শ দেয়া হয়েছে। অত্র ইউনিয়ন থেকে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, হেস্কাসল বিনামূল্যে দেয়া অব্যাহত রয়েছে। Covid-19 মোকাবেলায় গণ জমায়েত বন্ধে বিভিন্নভাবে মাইকিং করা হচ্ছে। | Covid-19 মোকাবেলায় মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, হেস্কাসল বিনামূল্যে দেয়া অব্যাহত রাখতে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান তালোড়া ইউ পি |
| ২৯ | মেয়র তালোড়া পৌরসভা | | | |
| ৩০ | মেয়র দুপচাঁচিয়া পৌরসভা | | | |
| ৩১ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | | | |
| ৩২ | উপজেলা ভাইস চেয়ারম্যান | | | |
| ৩৩ | বিবিধ | আলোচনা-০১<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ৩১/০১/২০২২ তারিখে বিজ্ঞাপন ম্যানেজার যায় যায় দিন জাতীয় পত্রিকা কর্তৃক ১৪২৯ হাটবাজার ইজারার বিজ্ঞপ্তি বিল =৩৪১৯৬/- টাকা ১৩/০২/২০২২ তারিখে প্রকাশিত ঐ হাট বাজার সংশোধনী বিজ্ঞপ্তি বিল=৭৫৯৯/- টাকা অথ্যাৎ (৩৪১৯৬+৭৫৯৯)=৪১৭৯৫ টাকা বিল দাখিল করেছেন।<br>এছাড়াও স্থানীয় পত্রিকা ৩১/০১/২০২২ তারিখে বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক করতোয়া কর্তৃক ১৪২৯ হাটবাজার ইজারার বিজ্ঞপ্তি বিল =২৫৩০০/- টাকা ১০/০২/২০২২ তারিখে প্রকাশিত ঐ হাট বাজার সংশোধনী বিজ্ঞপ্তি বিল=৭৫৯০/- টাকা অথ্যাৎ (৩৪১৯৬+৭৫৯০)=৩২৮৯০টাকা বিল দাখিল করেছেন। উল্লেখিত ০২টি পত্রিকার বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন।<br>আলোচনাঃ০২<br>তিনি আরও জানান, উপজেলা পরিষদে ০৮/০৯/২০১৬ তারিখের মাসিক সভার সিদ্ধান্তক্রমে জনাব নিপেন বাঁশফোর পিতা দীপচাঁন বাঁশফোর, গ্রামঃ তালোড়া বাজার, ডাকঘরঃ তালোড়া,দুপচাঁচিয়া কে সুইপার/পরিচ্ছিন্নকর্মী নিয়োগ করা হয়েছে। সে দীর্ঘদিন অদক্ষ সুইপার হিসেবে কর্মরত রয়েছে। তার কাজ সন্তোষজনক হওয়া তাকে দক্ষ সুইপার/পরিচ্ছিন্নকর্মী হিসেবে দৈনিক মজুর ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা করার প্রস্তাব করেন। | সিদ্ধান্ত-০১<br>সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ০২টি পত্রিকা বিল=৪১৭৯৫/- ও ৩২৮৯০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধে সর্বসম্মতিকক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।<br>সিদ্ধান্তঃ০২<br>নিপেন বাসঁফোর, পিতা দিপচাঁন বাসফোর গ্রামঃ তালোড়া বাজার, ডাকঘরঃ তালোড়া উপজেলাঃ দুপচাঁচিয়া, জেলাঃ বগুড়া কে দক্ষ সুইপার হিসেবে তার দৈনিক মজুরী ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হলো। | সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার দুপচাঁচিয়া |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>তিনি আরও জানান, উপজেলা পরিষদে ০৮/০৯/২০১৬ তারিখের মাসিক সভার সিদ্ধান্তক্রমে জনাব নিপেন বাঁশফোর পিতা দীপচাঁন বাঁশফোর, গ্রামঃ তালোড়া বাজার, ডাকঘরঃ তালোড়া,দুপচাঁচিয়া কে সুইপার/পরিচ্ছিন্নকর্মী নিয়োগ করা হয়েছে। সে দীর্ঘদিন অদক্ষ সুইপার হিসেবে কর্মরত রয়েছে। তার কাজ সন্তোষজনক হওয়া তাকে দক্ষ সুইপার/পরিচ্ছিন্নকর্মী হিসেবে দৈনিক মজুর ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা করার প্রস্তাব করেন।</td><td>--</td><td></td></tr>
<tr><td>৩৪</td><td>রক্ষণাবেক্ষণ ও রাজস্ব ব্যয় অনুমোদন প্রসংগে</td><td>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান উপজেলা পরিষদ কার্যালয়ের দৈনন্দিন ও অন্যান্য র্কাযাবলী পরিচালনা করতে ফেব্রুয়ারি/২২ মাস হতে মার্চ/২২ মাসের ২৯/০৩/২০২২ পর্যন্ত নিম্নরুপ ব্যয় অনুমোদনের জন্য উপস্থাপন/পেশ করা হলোঃ-<br>ফেব্রুয়ারি/২২ মাস হতে মার্চ/২২ ২৯/০৩/২০২২ তারিখ পর্যন্ত মাসের ব্যয়ঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td>১</td><td>স্বতাপেক্ষ ব্যয়ঃ<br>০২/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত স্বাধীনতার সুবর্ণজয়ন্তী অনুষ্ঠান উদযাপন</td><td>২৪৫০০/-</td></tr>
<tr><td>২</td><td>স্বতাপেক্ষ ব্যয়ঃ<br>১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন উদযাপন ব্যয়</td><td>২২৫০০/-</td></tr>
<tr><td>৩</td><td>বগুড়া ঘ ১১-০০৭১ নং জীপগাড়ীর জানুয়ারি/২২ হতে মার্চ/২২ মাসের জ্বালানী বিল</td><td>৫৮৬৮৭/-</td></tr>
<tr><td>০৪</td><td>মার্চ/২১ মাসের আপ্যায়ন বিল</td><td>৩০,০০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>মার্চ/২২ মাসের আনুষাঙ্গিক বিল</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>উপজেলা নির্বাহী অফিসে অফিস সহকারীর কম্পিউটার মেরামত</td><td>১২০০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>বিশুদ্ধ পানি সরবরাহ (সাইকা) মেশিন মেরামত</td><td>১৪১০০/-</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা পরিষদে ব্যবহৃত (ডিসেম্বর/২১ হতে মার্চ/২২) মাসের বিল পরিশোধ</td><td>৩৭৭৬/-</td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা নির্বাহী অফিসে ব্যবহৃত জানুয়ারি/২১ মার্চ/২২ মাসের ইন্টারনেট বিল</td><td>১৪১৬০/-</td></tr>
<tr><td></td><td>মোট=</td><td>১.৮৪.৭২৩/-/-</td></tr>
</table></td><td>সভায় উপজেলার রাজস্ব ব্যয় ২০২১-২০২২ অর্থ বছরের ফেব্রুয়ারি/২২ মাস হতে মার্চ/২২ ২৯/০৩/২০২২ তারিখ পর্যন্ত মাসের নিম্নরুপ ব্যয় =১,৮৪৭২৩/-(এক লক্ষ চুরাশি হাজার সাতশত তেইশ) .. টাকা মাত্র অনুমোদন প্রসংগে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত ব্যয় রক্ষণাবেক্ষণ ও রাজস্ব ব্যয় যুক্তিযুক্ত ও যথাযথ হওয়ায় সভায় উপস্থিত সদস্যগণ উক্ত ব্যয় অনুমোদনে সম্মতি প্রদান করেন। উক্ত ব্যয় ২০২১-২২ অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করতে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।</td><td>সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | | |
| ৩৫ | উপজেলা নির্বাহী অফিসার | তিনি নব-নির্বাচিত চেয়ারম্যানদের আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করেন।<br>Covid-19 মোকাবেলায় অত্র উপজেলা পরিষদ হতে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান বিনামূল্যে উপজেলা পরিষদ হতে দেয়া অব্যাহত রয়েছে।<br>এছাড়া সরকারীভাবে ত্রান কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>জনগনকে মাস্ক ব্যবহার নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে।<br>তিনি আরও জানান যে বাল্য বিবাহ, ইভটিজিং, নারী নির্যাতন বন্ধে সকল জনপ্রতিনিধিকে তথ্য দিয়ে সহযোগীতা করতে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে Covid-19 মোকাবেলায় জনগনকে মাস্ক ব্যবহার নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে অনুরোধ করা হলো। বাল্য বিবাহ, ইভটিজিং, নারী নির্যাতন বন্ধে সকল জনপ্রতিনিধিকে তথ্য দিয়ে সহযোগীতা করতে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার এবং সদস্য (সকল) |

সভাপতি জানান যে, Covid-19 মোকাবেলা জনসচেতনতা বাড়ানো উদ্দ্যোগ নিতে অনুরোধ করেন। তিনি নব-নির্বাচিত চেয়ারম্যানদের উপজেলা পরিষদের পক্ষ হতে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন জানান। প্রত্যেক বিভাগীয় প্রধানকে তার স্ব-স্ব বিভাগীয় কাজের অগ্রগতির প্রতিবেদনসহ সভায় উপস্থিত থাকতে অনুরোধ করেন এবং ইউপি চেয়াম্যানগনকে সংশ্লিষ্ট ইউপি উন্নয়নমূলক কাজের অগ্রগতি ও প্রকল্প বাস্তবায়নে তথ্যাদি সহ সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা হয়। এছাড়া অত্র উপজেলার উন্নয়নে সবাইকে মিলেমিশে একসাথে কাজ করার পরামর্শ প্রদান করেন।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফজলুল হক প্রামানিক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
এবং
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা

দুপচাঁচিয়া,বগুড়া।
দূরভাষঃ০৫০২৪-৫১০১৯
Email: chairmanuzpd@gmail.com

উপজেলা পরিষদ কার্যালয়
দুপচাঁচিয়া, বগুড়া।

স্মারক সংখ্যা ঃ ০৫.৫০.১০৩৩.০০০.১৭.০১৫.২০২২- ৩১ তারিখঃ ২৯/০৩/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, বগুড়া।
৪। ভাইস-চেয়ারম্যান/ভাইস -চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া।
৫। মেয়র, দুপচাঁচিয়া/তালোড়া পৌরসভা, দুপচাঁচিয়া, বগুড়া।
৬। উপজেলা ---------------------------------- কর্মকর্তা, দুপচাঁচিয়া, বগুড়া।
৭। চেয়ারম্যান---------------------------------- ইউপি (সকল), দুপচাঁচিয়া, বগুড়া।
৮। জনাব ------------------------------------দুপচাঁচিয়া, বগুড়া।

২৯।৩।২২
(মুহাঃ আবু তাহির)
উপজেলা নির্বাহী অফিসার
দুপচাঁচিয়া, বগুড়া।
ফোনঃ ০৫০২৪৫১০০১।
E-mail-unodupchanchia@mopa.gov.bd

## পরিশিষ্ট "ক"

জ্যোষ্ঠতার ক্রম অনুসারে নয়ঃ

০১। ২৯/০৩/২০২২ খ্রিঃ তারিখে উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

| ক্রঃ নং | নাম ও পদবী |
|---|---|
| ১ | মোঃ ফজলুল হক প্রামানিক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২ | মুহা আবু তাহির, উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৩ | মোঃ আহম্মেদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৪ | মোঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান, জিয়ানগর ইউ, পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৫ | মোঃ মোয়াজ্জেম হোসেন, চেয়ারম্যান সদর ইউ পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৬ | নুর মোহাম্মদ, চেয়ারম্যান, গুনাহার ইউ, পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৭ | মোঃ সাখাওয়াত হোসেন মল্লিক, চেয়ারম্যান, গোবিন্দপুর ইউ, পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৮ | মোঃ মেহেরুল ইসলাম, চেয়ারম্যান, তালোড়া পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৯ | চেয়ারম্যান, ইউসিসিএ লিঃ, দপচাঁচিয়া,বগুড়া। |
| ১০ | ডাঃ মোঃ আঃ কুদ্দুস মন্ডল, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১১ | মোঃ রুবেল হোসেন, উপজেলা প্রকৌশলী, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১২ | মোঃ সাজেদুল আলম, উপজেলা কৃষি অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৩ | ডাঃ মোছাঃ নাছরীন পারভীন, উপজেলা প্রাণী সম্পদ অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৪ | মোঃ মকছেদ আলী প্রামানিক, উপজেলা মৎস্য অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৫ | মোঃ আল মামুন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৬ | মোঃ জাকারিয়া হোসেন, উপজেলা পঃ পঃ অফিসার, দুপচাঁচিয়া,বগুড়া। |
| ১৭ | মোঃ নুরুল হোদা, উপজেলা যুব উন্নয়ন অফিসার, দুপচাঁচিয়া,বগুড়া। |
| ১৮ | মোছাঃ রোকেয়া সুলতানা, উপজেলা সমবায় অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৯ | মোঃ শরিফ আহম্মেদ, উপজেলা শিক্ষা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২০ | মোঃ শাকিউল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২১ | মোঃ শফিকুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২২ | মোঃ আবুল কালাম আজাদ, অফিসার ইনচার্জ, দুপচাঁচিয়া থানা, দুপচাঁচিয়া,বগুড়া। |
| ২৩ | মোছাঃ খালেদা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২৪ | মোঃ মোনোয়ারুল ইসলাম ফিরোজী, উপ মহাব্যবস্থাপক পল্লী বিদ্যুৎ সমিতি, দুপচাঁচিয়া,বগুড়া। |
| ২৫ | মোঃ মাহফুজার রহমান, উপজেলা সমন্বয়কারী,আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২৬ | মোঃ হারুনুর রশীদ সরকার, উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২৭ | মোছাঃ শাহরিন সুলতানা, তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দুপচাঁচিয়া,বগুড়া। |

২। উপস্থিত প্রতিনিধি বৃন্দঃ মোঃ সোহেল রানা, প্রশিক্ষক, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া।

০৩। অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমোদিত)ঃ মাহবুবা নাসরিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া।
মোঃ জাহাঙ্গীর আলম, মেয়র, দুপচাঁচিয়া পৌরসভা, দুপচাঁচিয়া, বগুড়া।
মেয়র, তালোড়া পৌরসভা, দুপচাঁচিয়া, বগুড়া।
মোঃ শাহজাহান আলী, চেয়ারম্যান, চামরুল ইউ, পি, দুপচাঁচিয়া, বগুড়া।
এইচ.এম. আশরাফুল আরেফীন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
আবু ফিরোজ শাহ, উপজেলা সমাজ সেবা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
অরুন কুমার প্রামানিক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দুপচাঁচিয়া, বগুড়া।
দেবাশীষ রায়, সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তর, বগুড়া।
দুলাল কুমার সাহা, ভারপ্রাপ্ত বন সম্প্রসারণ অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
মোঃ গোলাম হোসেন,সহকারী ইঞ্জিনিয়ার, নির্বাহী প্রকৌশলী নেসকো লিঃ, দুপচাঁচিয়া।
প্রশাসক, উপজেলা কমান্ড কাউন্সিল, দুপচাঁচিয়া, বগুড়া।
মনোরঞ্জন কুমার কুন্ড, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, দুপচাঁচিয়া, বগুড়া।।

০৪। অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমতি ব্যতিত)ঃ